

## 💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৬৩

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০) ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করা ও অলসতা বশতঃ নামাযের সময় পার করে দেয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك الصلاة تعمدا وإخراجها عن وقتها تهاونا

আরবী

(صحيح) عن جابر بن عبد الله رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : بَيْنَ الرَّجُل وَبَيْنَ الْكُفْرِ تَرْكُ الصَّلَاةِ. رواه أحمد ومسلم

বাংলা

৫৬৩. (সহীহ্) জাবের বিন আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "একজন মানুষ ও কুফরীর মাঝে পার্থক্য হল নামায পরিত্যাগ করা।" (হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ৩/৩৭০ ও মুসলিম ৮২, আবূ দাউদ ৪৬৭৮, নাসাঈ ১/২৩২, তিরমিয়ী ২৬১৮, ইবনে মাজাহ ১০৭৮)

মুসলিমের বর্ণনায় বলা হয়েছেঃ

بين الرجل وَبَيْنَ الشِّرْكِ وَ الْكُفْرِ تَرْكُ الصَّلَاةِ

''মুসলিম ব্যক্তি ও শির্ক ও কুফরীর মাঝে পার্থক্য হচ্ছে নামায পরিত্যাগ করা।''

(আবু দাউদ ৪৬৭৮ ও নাসাঈ ১/২৩২ হাদীছটি বর্ণনা করেছেন) তবে নাসাঈর বর্ণনায় বলা হয়েছেঃ

لَيْسَ بَيْنَ الْعَبْدِ وَبَيْنَ الْكُفْرِ إِلاَّ تَرْكُ الصَّلاَةِ

''বান্দা ও কুফরীর মাঝে নামায পরিত্যাগ করা ব্যতীত কোন পার্থক্য নেই।'' (নাসাঈ ১/২৩২)

তিরমিযীর বর্ণনায় এসেছেঃ

بَيْنَ الْكُفْرِ وَالْإِيمَانِ تَرْكُ الصَّلَاةِ



''কুফরী ও ঈমানের মাঝে পার্থক্য হচ্ছে নামায পরিত্যাগ করা।'' (তিরমিযী ২৬১৮)

ইবনে মাজাহর রেওয়ায়াতে এসেছেঃ

بَيْنَ الْعَبْدِ وَبَيْنَ الْكُفْرِ تَرْكُ الصَّلَاةِ

''বান্দা ও কুফরীর মাঝে পার্থক্য হচ্ছে নামায পরিত্যাগ করা।'' (ইবনে মাজাহ ১০৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন